

সুনান আবূ দাউদ (তাহকিককৃত)

হাদিস নাম্বারঃ ৮৩৫

২/ সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ১৪০. সালাতে পরিপূর্ণ তাকবীর বলা

بَابُ تَمَامِ التَّكْبِيرِ

আরবী

حَدَّقَنَا سُلَيْمَانُ بْنُ حَرْبٍ، حَدَّقَنَا حَمَّادُ، عَنْ غَيْلَانَ بْنِ جَرِيرٍ، عَنْ مُطَرِّف، قَالَ: صلَّيْتُ أَنَا وَعِمْرَانُ بْنُ حُصَيْنٍ، خَلْفَ عَلِيّ بْنِ أَبِي طَالِبٍ فَكَانَإِذَا سَجَدَ كَبَّرَ وَإِذَا رَكَعَ كَبَّرَ، وَإِذَا نَهَضَ مِنَ الرَّكْعَتَيْنِ كَبَّرَ، فَلَمَّا انْصَرَفْنَا أَخَذَ عِمْرَانُ بِيَدِي وَقَالَ: لَقَدْ صَلَّى هَذَا وَإِذَا نَهَضَ مِنَ الرَّكْعَتَيْنِ كَبَّرَ، فَلَمَّا انْصَرَفْنَا أَخَذَ عِمْرَانُ بِيَدِي وَقَالَ: لَقَدْ صَلَّى هَذَا قَبْلُ _ صَلَاةٍ مُحَمَّدٍ صلى الله عليه وسلم

_ صحيح : ق

বাংলা

৮৩৫। মুত্বাররিফ সূত্রে বর্ণিত। তিনি বলেন, একদা আমি এবং 'ইমরান ইবনু হুসায়িন 'আলী ইবনু আবূ তালিব (রাঃ)-এর পিছনে সালাত আদায় করি। তিনি সিজদা ও রুকৃ'কালে তাকবীর বলতেন এবং দু' রাক'আত সালাত শেষে (তৃতীয় রাক'আতের জন্য) উঠার সময় তাকবীর বলতেন। সালাত শেষে প্রত্যাবর্তনকালে 'ইমরান (রাঃ) আমার হাত ধরে বললেনঃ ইতিপূর্বে মুহাম্মাদ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আমাদেরকে নিয়ে যে নিয়শে সালাত আদায় করেছেন তিনিও সে নিয়মেই সালাত আদায় করলেন।[1]

সহীহ : বুখারী ও মুসলিম।

English

Mutarrif said:

I and 'Imran b. Husain offered prayer behind 'All b. Abl Talib(may Allah be pleased with him). When he prostrated, he uttered the takbir (Allah is most great) and when he bowed, he uttered the takbir and when he stood up at the end of two rak'ahs, he uttered the takbir. When we finished our prayer,



'Imran caught hold of my hand, and said: He has led us in prayer just now like the prayer offered by Muhammed(may peace by upon him).

ফুটনোট

[1] বুখারী (অধ্যায়ঃ আযান, অনুঃ দু' সিজদার শেষে উঠার সময় তাকবীর বলবে, হাঃ ৮২৬), মুসলিম (অধ্যায়ঃ সালাত) হাম্মাদ সূত্রে।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আল্লামা আলবানী একাডেমী 🛘 বর্ণনাকারীঃ মুতাররিফ (রহঃ)

🧕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন